মেহেরপুরে আইনশৃঙ্খলা, চোরাচালান ও মানবপাচার প্রতিরোধ কমিটির সভা অনুষ্ঠিত

মেহেরপুরে পৃথকভাবে জেলার মাসিক আইন শৃঙ্খলা, চোরাচালান ও মানবপাচার প্রতিরোধ কমিটির সভা আজ রবিবার সকালে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়েছে।

জেলা প্রশাসক মোহাম্মদ আজিজুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় বক্তব্য রাখেন মেহেরপুর পুলিশ সুপার মোঃ রাফিউল আলম, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট লিউজা-উল জান্নাহ, জেলা আনসার কমান্ড্যান্ট সাহাদাত হোসেন, মেহেরপুর-২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালের তত্বাবধায়ক জমির মোহাম্মদ হাসিবুস সাত্তার,জেল সুপার মনির হোসেন,জেলা পরিবার পরিকল্পনা বিভাগের উপ-পরিচালক মোঃ আব্দুর রাজ্জাক, গাংনী উপজেলা নির্বাহী কর্মকর্তা সাজিয়া সিদ্দিকা সেতু, মুজিবনগর উপজেলা নির্বাহী কর্মকর্তা অনিমেষ বিশ্বাস, ইসলামিক ফাউন্ডেশনের উপ-পরিচালক এ জে এম সিরাজুম মুনীর,জেলা সমাজসেবা অধিদপ্তর উপ-পরিচালক কাজী কাদের মোহাম্মদ ফজলে রাব্বি, মেহেরপুর জজকোর্টের পাবলিক প্রসিকিউটর (পিপি) অ্যাডভোকেট পল্লব ভট্টাচার্য, মেহেরপুর জেলা বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদের সভাপতি প্রফেসর হাসানুজ্জামান মালেক, মেহেরপুর সরকারি কলেজের উপাধক্ষ্য প্রফেসর আব্দুর রাজ্জাক, মেহেরপুর জেলা মহিলা বিষয়ক অধিদপ্তরের উপ-পরিচালক নীলা হাফিয়া মেহেরপুর পৌরসভার কাউন্সিলর রোকসানা কামাল রুন প্রমূখ।

মাসিক আইন শৃঙ্খলা কমিটির সভায় মাদক নিয়ন্ত্রনে কঠোর আইন প্রয়োগ, বাল্য বিবাহ ও নারী নির্যাতন প্রতিরোধ, যানজট নিরসন ও পুলিশ সদস্যদের নিয়মিত টহল আরো জোরদার সহ নানা দিক নিয়ে আলোচনা করা হয়।

সামান্য বৃষ্টিপাতেই হাটু পানি

একটু বৃষ্টি হলেই মেহেরপুর পৌরসভার ৫ নং ওয়ার্ডের রাস্তায় রাস্তায় হাঁটুসমান পানি জমে যাচ্ছে। কোথাও কোথাও জলাবদ্ধতা দীর্ঘস্থায়ী হচ্ছে দিনের পর দিন। এতে চলাচলের ক্ষেত্রে চরম ভোগান্তির শিকার হচ্ছে পৌরসভার ৫ নং ওয়ার্ডবাসী। পানিতে ডুবে থাকা সড়কের গর্তে পড়ে প্রতিনিয়ত ঘটছে ছোট-বড় দুর্ঘটনা।

৫ নং ওয়ার্ডটিতে আজও গড়ে ওঠেনি ডে্◌েরনজ ব্যবস্থা। যে কারনে এই দুর্ভোগের সৃষ্টি হচ্ছে বলে মন্তব্য করছেন নাগরিকরা। অন্যদিকে সাধারণ মানুষের দুর্ভোগের চিত্র প্রকট আকার ধারণ করলেও পয়ঃনিষ্কাশনব্যবস্থার উন্নয়নের বদলে পৌর কর্তৃপক্ষের দৃষ্টি কেবল নির্মাণ ও ব্যয়মূলক প্রকল্পের দিকে।

জলাবদ্ধতায় সবচেয়ে বেশি বিপাকে পড়ছেন পৌরসভার ৫নং ওয়ার্ডের বাসিন্দারা। সামান্য বৃষ্টিতেই এখানে হাঁটুসমান পানি জমে যায়। জলাবদ্ধতায় তাদের দুর্ভোগ সবচেয়ে বেশি। এমন দুর্ভোগের বিষয়ে স্থানীয় দোকানদার আক্তারুল ইসলাম নামের এক বাসিন্দা বলেন, বৃষ্টির পর চার/পাঁচ ঘণ্টা সময় লাগে সড়ক থেকে পানি নামতে। সড়কে আজও ড্রেনেজ ব্যবস্থা গড়ে ওঠেনি। ড্রেনেজব্যবস্থা না করায় জলাবদ্ধতার সৃষ্টি হচ্ছে। আর পয়ঃনিষ্কাশনের জন্য পৌর কর্তৃপক্ষের কোনো মাথাব্যথা নেই। এজন্য সামান্য বৃষ্টিতে এই রাস্তা খালে পরিণত হচ্ছে। ফলে স্থানীয় বাসিন্দাদের চরম ভোগান্তি পোহাতে হচ্ছে।

সরেজমিন খোঁজ নিয়ে দেখা গেছে, পৌর এলাকার ৫ নং ওয়ার্ডের সব যায়গার জলাবদ্ধতার চিত্র একই রকম। বৃষ্টির পর জলাবদ্ধতার কারণে ওয়ার্ডের সড়ক চলাচলের অনুপযোগী হয়ে পড়েছে। জমে থাকা পানি কখনো কখনো ঢুকে পড়ছে রাস্তার পাশের বাড়ি ঘরে। এতে ওইসব বাড়িগুলো ক্ষতির সম্মুখীন হচ্ছেন।

পৌরসভার বাসিন্দাদের অভিযোগ, পৌরসভার কার্যকর ড্রেনেজব্যবস্থার অভাবে প্রতিবছর বর্ষা মৌসুমে এই ভোগান্তি পোহাতে হচ্ছে তাদের।

জলাবদ্ধতায় চরম ভোগান্তির স্বীকার ওয়ার্ডের বাসিন্দা নারগীছ খাতুন ও মঞ্জুয়ারা খাতুন বলেন, সামান্য বৃষ্টিতেই তলিয়ে যাচ্ছে এই ওয়ার্ডের অলিগলি ও প্রধান সড়ক। সজিব আহম্দে বলেন, এই ওয়ার্ডের

সড়ক সংস্কার ও ড্রেনেজব্যবস্থার গড়ে না ওঠার কারণে সামান্য বৃষ্টিতে জলাবদ্ধতার সৃষ্টি হচ্ছে।

৫ নং ওয়ার্ডের কাউন্সিলর মোস্তাকিম বলেন, আমার ওয়ার্ডের সব যায়গার অবস্থা খারাপ। এই ওয়ার্ডটিতে এখনও রাস্তা ও ড্রেনেজ ব্যবস্থা গড়ে ওঠেনি। যে কারনে সামান্য বৃষ্টি হলেই হাটু পানি জমে যায়। আমি রাস্তা ও ড্রেনেজ ব্যবস্থার জন্য প্রকল্প দিয়েছি। কিন্তু সেখানে অনেক টাকা লাগবে এজন্য হচ্ছেনা। তবে মেয়র সাহেব আশ্বাস দিয়েছেন। আগামীবার যে প্রকল্প নেওয়া হবে সেই প্রকল্পে চক্রপাড়া ও হঠাৎপাড়ার রাস্তা ও ড্রেনেজ ব্যবস্থা গড়ে উঠবে।

জলাবদ্ধতা নিরসন ও নাগরিকদের দুর্ভোগ লাঘবে পৌরসভার কোনো উদ্যোগ আছে কি না জানতে চাইলে মেহেরপুর পৌরসভার মেহেরপুর পৌর সভার প্যানেল মেয়র শাহিনুর রহমান রিটন বলেন, পৌর সভার বিভিন্ন এলাকায় বর্তমানে ৮৩ টি উন্নয়ন প্রকল্পের কাজ চলমান। পরবর্তিতে এলজিএসপির আওতায় যে প্রকল্পগুলো রয়েছে সেই প্রকল্পে চক্রপাড়া ও হঠাৎপাড়ার ব্যাপক উন্নয়ন রাখা হয়েছে।

মেহেরপুরে সহজ কোরআন শিক্ষা কেন্দ্র পবিত্র কুরআনের সবক উদ্বোধনী অনুষ্ঠান

মেহেরপুর শহরের ডক্টরস ল্যাব এর উদ্যোগে সহজ কোরআন শিক্ষা কেন্দ্র পবিত্র কুরআনের সবক উদ্বোধনী ও দোয়া অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

আজ শনিবার বিকেল ডক্টর ল্যাব সহজ কোরআন শিক্ষা কেন্দ্র পবিত্র কুরআনের সবক উদ্বোধন করা হয় এসময় শিক্ষার্থীদের মাঝে ২০ টি কোরআন শরীফ বিতরন করা হয়েছে।

মাওলানা রফিকুল ইসলাম নূরানীর সভাপতিত্বে অনুষ্ঠিত অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন, মুফতি হাফিজুর রহমান। বিশেষ অতিথি ছিলেন,

মেহেরপুর সরকারি উচ্চ বালিকা বিদ্যালয়ের সিনিয়ার শিক্ষক মাওলানা মোঃ সিরাজ উদ্দিন।

ডক্টর ল্যাবের ম্যানেজার সাজু শেখের সঞ্চালনায় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন, পেয়াদাপাড়া জামে মসজিদের ইমাম মুফিত নুরুল ইসলাম, মল্লিকপাড়া জামে মসজিদের ইমাম মাওলানা হাসানুজ্জামান, মেহেরপুর ডক্টর ল্যাবের ডাক্তার মোহাম্মদ রবিউল ইসলাম আবির, জনতা ব্যাংকের মেহেরপুর শাখার সাবেক এজিএম মোঃ আব্দুস সামাদ, মেমোরিয়াল ট্রাস্ট পবিত্র কুরআন শিক্ষার আসারের পরিচালক প্রাপ্ত মোহাম্মদ জাহাঙ্গীর হোসেন প্রমুখ

এক ফুল দো মালি!

মেহেরপুরে এবার এক স্ত্রীকে নিয়ে দুই স্বামীর মধ্যে শুরু হয়েছে আইনী লড়াই। এই আইনি লড়াইয়ে ফলাফল যাই হোক স্ত্রী এসএম আফসানা হাবিব তার প্রথম স্বামী ফিরোজ হোসেনের কাছেই থাকছেন। তবে, স্ত্রী এসএম আফসানা হাবিবের এখনো ১৮ বছর বয়স পৌছাতে বাকি রয়েছে তিন মাস।

জানা গেছে, মেহেরপুর শহরের হঠাৎ পাড়ার এসএম আফজাল হাবীবের মেয়ে এসএম আফসানা হাবিবের প্রথম ২০২০ সালে বেড়পাড়া এলাকার লাল চান্দের ছেলে ফিরোজ হোসেনের সাথে বিয়ে হয়। কিছুদিন সংসার করার পর তার পিতা মাতা সেখান থেকে জোর করে তুলে নিয়ে যায়। তাকে তালাক না দিয়েই গোভিপুর গ্রামের আরেজুল ইসলামের ছেলে তারিফুল ইসলামের সাথে দ্বিতীয়বার বিয়ে দেন। এর মধ্যে এসএম আফসানা হাবিব সেখান থেকে পালিয়ে এসে আবারও প্রথম স্বামী ফিরোজ হোসেনের কাছে চলে আসেন। এসএম আফসানা হাবিব তার দ্বিতীয় স্বামী তারিফুল ইসলামকে তালাক প্রদান করেন। পরে প্রথম স্বামী ফিরোজ হোসেনের সাথে তৃতীয়বারের মত বিয়ে করেন। এদিকে তারা সংসার করলেও দ্বিতীয় স্বামী তারিফুল ইসলাম তার স্ত্রী এসএম আফসানা হাবিব নিখোঁজ বলে মেহেরপুর সদর থানায় একটি সাধারণ ডাইরি করেন। যার ডাইরি নং ১৮২, তারিখ ০৪/০৭/২০২৩ ইং।

এঘটনায় মেহেরপুর সদর থানার উপপরিদর্শক রেজাউল করিম শনিবার (৮

জুলাই) বিকাল সাড়ে ৫ টার সময় তাদের ৩ জনকে ডেকে আপোষ মিমাংসা করে দেন। এসময় মেহেরপুর পৌর সভার ৩ নং ওয়ার্ড কাউন্সিলর সৈয়দ আব্দুল্লাহ বাপ্পীসহ স্থানীয় গন্যমান্য ব্যক্তিরা উপস্থিত ছিলেন।

কাউন্সিলর সৈয়দ আব্দুল্লাহ বাপ্পী বলেন, যেহেতু এসএম আফসানা হাবিব তারিফুল ইসলামকে তালাক প্রদান করে তার পূর্বের স্বামী ফিরোজ হোসেনকে পূনরায় বিয়ে করেছেন। তার কাবিননামা দ্বিতীয় স্বামী তারিফুল দিয়ে বিষয়টি মিমাংসা করা হয়েছে।

এসএম আফসানা হাবিব তার প্রথম স্বামী ফিরোজ হোসেনের হাতে ধরে নিজ গৃহে ফিরে গেছেন। এঘটনায় উপস্থিত মজলিসের লোকজনের মুখে সুর এলো এ যেনো এক ফুল দো মালি!

মেহেরপুরে একই পরিবারের ৪ জনকে পিটিয়ে আহত

বাড়ির জমির আইল নির্ধারণকে কেন্দ্র করে একই পরিবারের ৪ জনকে পিটিয়ে আহত করেছেন প্রতিপক্ষরা।

আহতরা হলেন, মেহেরপুর সদর উপজেলার ফতেপুর গ্রামের জমির উদ্দীনের ছেলে বাবলু হোসেন (৪৬), তার স্ত্রী বুলুয়ারা খাতুন (৪০), ভাই লাভলু হোসেন ও খোকনের ছেলে সুমন (৩০)।

আহতদের মধ্যে বাবলু হোসেনকে মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়েছে। বাকিরা প্রাথমিক চিকিৎসা নিয়ে বাড়ি ফিরেছেন। এঘটনায় মেহেরপুর সদর থানায় একটি লিখিত অভিযোগ দায়ের করেছেন বাবলু হোসেন।

আহত বাবলু জানান, বাড়ির জমির আইল নির্ধারণকে কেন্দ্র করে প্রতিবেশি আসাদুল তার স্ত্রী মেহেজান ও কাজল হোসেন দেশীয় অস্ত্র নিয়ে আমাদের উপর অতর্কিত হামলা চালিয়ে আমাদের আহত করে। তবে, অপরপক্ষের কোনো বক্তব্য পাওয়া যায়নি।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম

জানান, একটি লিখিত অভিযোগ পাওয়া গেছে। তদন্ত সাপেক্ষ ব্যবস্থা নেওয়া হবে।

মেহেরপুরে কম্পিউটার ও ড্রাইভিং প্রশিক্ষনার্থীদের মাঝে সনদ বিতরণ

স্মার্ট বাংলাদেশ গড়তে সমাজ কল্যাণ মন্ত্রনালয়ের সহায়তায় মেহেরপুরে বহুমুখী মানব কল্যাণ সংস্থার উদ্যোগে কম্পিউটার ও ড্রাইভিং প্রশিক্ষনার্থীদের মাঝে সনদপত্র বিতরন করা হয়েছে ।

আজ শনিবার দুপুরে ভিডিও কনফারেন্সে যুক্ত হয়ে সনদপত্র বিতরনের উদ্বোধন করেন মাগুরা ১ আসনের সংসদ সদস্য সাইফুজ্জামান শিখর। অনুষ্টানে সভাপতিত্ব করেন কুষ্টিয়া ইসলামী বিশ^বিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর শেখ আব্দুস সালাম। ব

ক্তব্য রাখেন বহুমুখী মানব কল্যান সংস্থার নির্বাহী চেয়ারম্যান সিনিয়র সাংবাদিক আহমেদ পিপুল। পরে জেলা পর্যায় থেকে অতিথিরা প্রশিক্ষনার্থীদের হাতে সনদ তুলে দেন।

মেহেরপুর বহুমুখী মানব কল্যান সংস্থার সভাপতি অবসরপ্রাপ্ত প্রভাষক নুরুল আহমেদ, মেহেরপুর পৌরসভার প্যানেল মেয়র শাহিনুর রহমান রিটন, সিনিয়র সাংবাদিক তোজাম্মেল আযম এসময় সেখানে উপস্থিত ছিলেন।

অতিথিরা তাদের বক্তব্যে বলেন, পিছিয়ে পড়া জনগোষ্ঠীর জীবনমানের উন্নয়নই হচ্ছে বর্তমান সরকারের মুল লক্ষ্য। সেই লক্ষেই বর্তমান সরকার কাজ করে যাচ্ছে। এই কারনে পিছিয়ে পড়া জনগোষ্ঠীকে কম্পিউটার ও ড্রাইভিং প্রশিক্ষনের মাধ্যেমে দক্ষ করে গড়ে তোলা হচ্ছে যাতে তারা নিজেদের পায়ে নিজেরা দাড়াতে পারে।

বহুমুখী মানব কল্যাল সংস্থার মেহেরপুর, চুয়াডাঙ্গা, ঝিনাইদাহ, মাগুরা ও কুষ্টিয়া জেলার ১ হাজার ২ শত শিক্ষার্থীর মাঝে এ

সনদপত্র বিতরন করা হয়।

গাংনীতে তথ্য ও গবেষণা বিষয়ক সম্পাদক তাপু মারা গেছেন

গাংনী পৌর আওয়ামী লীগের তথ্য ও গবেষণা বিষয়ক সম্পাদক সৈয়দ ওমর আলী তাপু(৪০) নিজ বাড়িতে ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না এলাহী রাজিউন)।

তাপু গাংনী উপজেলা শহরের র্যাব ক্যাম্পপাড়ার অবসরপ্রাপ্ত পুলিশ সদস্য মৃত আফজাল হোসেনের ছেলে।

মৃত্যুকালে স্ত্রী, ১ ছেলে ও ১ মেয়েসহ বন্ধু, বান্ধব রাজনৈতিক সহকর্মী ও অসংখ্য গুনগ্রাহী রেখে গেছেন।

শনিবার সকাল ৭ টার দিকে লিভার সমস্যা জনিত রোগে ভুগছিলেন। তাপু একটি ওষধ কোম্পানীর বিক্রয় প্রতিনিধি হিসাবে কর্মরত ছিলেন।

শনিবার বাদ জোহর গাংনী পাইলট মাধ্যমিক বিদ্যালয় এন্ড কলেজ প্রাঙ্গণে তার নামাজে জানাজা অনুষ্ঠিত হবে। তাপুর অকাল মৃত্যুতে গাংনীর বিভিন্ন শ্রেণীপেশার মানুষ শোক প্রকাশ করেছেন।

মেহেরপুরে চুরির অভিযোগে দুই যুবক গ্রেফতার

মেহেরপুরে ২৪ ঘন্টার অভিযানে চুরির মামলায় ২ জনকে গ্রেফতার করেছে সদর থানা পুলিশ।

গ্রেফতারকৃতরা হলেন মেহেরপুর শহরের চক্রপাড়া এলাকার আব্দুল জলিলের ছেলে মুন্না মিয়া (২০) ও স্টেডিয়ামপাড়ার আনসার আলীর ছেলে আনিছুর রহমান (২১)।

দুজনের বিরুদ্ধে চুরির অভিযোগে সদর থানার মামলা নং ৫, তারিখ ০৭/০৫/২৩ ইং, ধারা ৪৫৭/৩৮০/৪১১।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম এই তথ্য নিশ্চিত করেছেন।

তিনি জানান, সদর থানার উপপরিদর্শক (এসআই) সুমন সঙ্গীয় ফোর্সসহ গতকাল শুক্রবার দিবাগত রাতে অভিযান চালিয়ে আনিছুর রহমান ও মুন্না মিয়াকে গ্রেফতার করেছেন।

গ্রেফতারকৃতদের আজ শনিবার (৮ জুলাই) বেলা ১১ টার দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

নিয়োগ নিয়ে আবারও পায়তারা করছেন প্রধান শিক্ষক ও সভাপতি

মেহেরপুর সদর উপজেলার আশরাফপুর মাধ্যমিক বিদ্যালয়ে ৪টি পদে নিয়োগ পরীক্ষার প্রবেশপত্র প্রদান করা হলেও নির্ধারিত কেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠিত হয়নি বলে অভিযোগ উঠেছে। ধারনা করা হচ্ছে পরীক্ষা না নিয়ে অর্থ গ্রহণ করা প্রার্থীদেরকেই নিয়োগ দেওয়ার পায়তারা করছে প্রতিষ্ঠানটি।

গতকাল শুক্রবার মেহেরপুর সরকারি উচ্চ বালিকা বিদ্যালয়ে এ নিয়োগ পরীক্ষা নেওয়ার জন্য প্রার্থীদের প্রবেশ পত্র প্রদান করা হয়। খবর পেয়ে মেহেরপুর প্রতিদিনের প্রতিনিধি নির্ধারিত সময়ে পরীক্ষা কেন্দ্রে গেলেও কেন্দ্রের গেটে তালা লাগানো দেখতে পান। সেখানে প্রায় দেড় ঘন্টা অবস্থান করেও কোন পরীক্ষা সংক্রান্ত কোন কিছুই দেখতে পাননি।

পরে মেহেরপুর সরকারি উচ্চ বালিকা বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান

প্রকৌশলী আবু হেনা ও তাঁর স্ত্রীর বিরুদ্ধে দুদকের মামলা

অবৈধ সম্পদ অর্জনের অভিযোগে কুষ্টিয়া সওজের তত্ত্বাবধায়ক প্রকৌশলী মো. আবু হেনা মোস্তফা কামাল এবং তার স্ত্রী ডা. জোবাঈদা শাহনূর রশীদের বিরুদ্ধে পৃথক দুটি মামলা করেছে দুর্নীতি দমন কমিশন (দুদক)। প্রায় সাড়ে ১০ কোটি টাকার অবৈধ সম্পদ ও সম্পদের তথ্য গোপনের অভিযোগে এই মামলা হয়।

মামলার আসামি মো. আবু হেনা মোস্তফা কামাল বর্তমানে কুষ্টিয়ার সড়ক ও জনপথ বিভাগের তত্ত্বাবধায়ক প্রকৌশলী হিসেবে কর্মরত এবং মেহেরপুরের গাংনী উপজেলার ষোলটাকা গ্রামে সন্তান। এর আগে তিনি সিরাজগঞ্জ সড়ক বিভাগের নির্বাহী প্রকৌশলী ছিলেন। আর তার স্ত্রী ডা. জোবাঈদা ঢাকার সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতালের প্যাথলজি বিভাগের প্রভাষক।

বৃহস্পতিবার (৬ জুলাই) দুদকের পাবনা সমন্বিত জেলা কার্যালয়ে সংস্থাটির উপ-পরিচালক মো. খায়রুল হক বাদী হয়ে মামলা দুটি করেন।

মামলার এজাহারে বলা হয়, অবৈধ সম্পদ অর্জনের অভিযোগ প্রাথমিক অনুসন্ধানে প্রতিষ্ঠিত হওয়ায় দুদক থেকে ২০২২ সালের ২৩ জুন তার বিরুদ্ধে সম্পদ বিবরণী দাখিলের আদেশ জারি করা হয়। এর পরিপ্রেক্ষিতে ওই বছরের ১৬ আগস্ট পাবনা সমন্বিত জেলা কার্যালয়ে সম্পদ বিবরণী দাখিল করেন আবু হেনা মোস্তফা কামাল।

এজাহারে আরও বলা হয়, সম্পদ বিবরণীতে মোস্তফা কামাল স্থাবর ও অস্থাবর মিলিয়ে দুই কোটি ২১ লাখ ৯৮ হাজার ৩৯২ টাকার সম্পদের হিসাব দেন। কিন্তু দুদকের অনুসন্ধানে মোট তিন কোটি ১৩ লাখ ১১ হাজার ৪৭৩ টাকা সম্পদের তথ্য প্রমাণ মেলে। অর্থাৎ এখানে তার দাখিলকৃত সম্পদ বিবরণীতে ৯১ লাখ ১৩ হাজার ৮১ টাকার সম্পদের তথ্য গোপন করেছেন।

এছাড়া আবু হেনা মোস্তফা কামাল স্ত্রীকে দানসহ পারিবারিক ও অন্যান্য ব্যয় হিসাব করলে দুদকের অনুসন্ধানে মোট সাত কোটি ৮৫ লাখ ৯৬ হাজার ৭৬০ টাকার সম্পদের তথ্য পাওয়া যায়। যার মধ্যে গ্রহণযোগ্য আয় এক কোটি ৫০ লাখ ৯২ হাজার ২৬৭ টাকা বাদ দিলে ছয় কোটি ৩৫ লাখ ৪ হাজার ৪৯৩ টাকার সম্পদের উৎস দেখাতে পারেননি

আবু হেনা মোস্তফা কামাল থেকে দান সূত্রে প্রাপ্ত। তাদের উভয়ের আয়কর নথিতে উক্ত দান গ্রহণ ও প্রদানের বিষয়টি প্রদর্শিত রয়েছে।